




বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড  
www.bpdb.gov.bd  
সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, ওয়াপদা ভবন  
মতিঝিল, ঢাকা।

অবৈধ অনুপ্রবেশকারী উচ্ছেদে বিউবো'র সাফল্য

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান মহোদয় ও সদস্য (প্রশাসন) অঞ্জনা খান মজলিশ মহোদয়ের সুচিন্তিত দিক-নির্দেশনা ও সময়োপযোগী পদক্ষেপে, কেরানীগঞ্জ থানাধীন চর গোলগলিয়া মৌজার আওড়াহাটি গ্রামে বিউবোর্ডের অনুকূলে অধিগ্রহণকৃত ৮৯.০২ একর জমি অবৈধ দখলদার মুক্ত করা হয়েছে। সম্প্রতি উক্ত ভূমির একাংশে বিনা অনুমতিতে একজন স্থানীয় দখলদার পরিবেশ বিরোধী ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করছিলেন। অবৈধ দখলদার মুক্ত করতে কার্যকরী পদক্ষেপ গ্রহণে সদস্য (প্রশাসন) মহোদয় নিরাপত্তা ও অনুসন্ধান পরিদপ্তরকে সার্বিক সহযোগিতা করেন। প্রসঙ্গত উল্লেখ্য, বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের নিমিত্ত বিউবো'র এই স্থাবর সম্পত্তি গত ১৬ জানুয়ারি ২০১১ সালে অধিগ্রহণ করা হয়; যার বর্তমানে আনুমানিক বাজার মূল্য ৪৪৫ কোটি টাকা।

  
পরিচালক

সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর  
বিউবো, ঢাকা।